

ভোরের কাগজ

তারিখ ... 16 MAR 2003 ...
পৃষ্ঠা ... ১১ ...

ভোরের কাগজ

লক্ষ্মীপুরে ছাত্রলীগের সম্মেলনে শিবির ও ছাত্রদলের হামলা, আহত ১৫

জেলা আ.লীগ সভাপতির বাসায় ম্যাজিস্ট্রেটের তল্লাশি

বেগমগঞ্জ সংবাদদাতা : ছাত্রদল ও ছাত্র শিবিরের যৌথ হার্মায়েড লক্ষ্মীপুরে জেলা ছাত্রলীগের পূর্বনির্ধারিত কর্মী সম্মেলন পও হয়ে গেছে। হামলায় এক কেন্দ্রীয় নেতাসিহ ছাত্রলীগের ১৫ জন আহত হয়েছে। সম্মেলন পও হওয়ার পর ছাত্রলীগ নেতাকর্মীরা জেলা আওয়ামী লীগ সভাপতি শাহজাহান কামালের বাসায় মিলিত হয়ে একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সেখানেও তল্লাশি চালানো হয়। এক পর্যায়ে কেন্দ্রীয় নেতারা লক্ষ্মীপুর ত্যাগ করে চৌমুহনী চলে আসেন। হামলায় আহতদের লক্ষ্মীপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

বুধবার বিকালে চৌমুহনীতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রলীগের কেন্দ্রীয় সহসভাপতি জাহির উদ্দিন লিপটন জানান, বুধবার নেত্রাখালীর তিন কেলার পর্যায়ক্রমে ছাত্রলীগের কর্মী সম্মেলন অনুষ্ঠানের লক্ষ্যে তারা প্রথমে লক্ষ্মীপুর আসেন। তিনি অভিযোগ করেন, ওইদিন দুপুর ১১টায় লক্ষ্মীপুর টাউন হল চত্বরে পূর্বনির্ধারিত সম্মেলন শুরু হলে এক পর্যায়ে ছাত্রদল ও শিবিরের সহসীরা বিভিন্ন অস্ত্রশস্ত্র নিয়ে সেখানে হামলা চালায়। হামলায় কেন্দ্রীয় কর্মীটির সদস্য ইকবাল মিল্লা, কামাল উদ্দিন কলেজের ডিপি মোঃ জাহির উদ্দিনসহ ছাত্রলীগের ১৫ জন মারাত্মকভাবে আহত হন এবং সম্মেলন পও হয়ে যায়। তিনি আরো অভিযোগ করেন, সম্মেলন পও হওয়ার পর তারা লক্ষ্মীপুর জেলা আওয়ামী লীগ সভাপতি শাহজাহান কামালের বাসায় মিলিত হয়ে পুনরায় সম্মেলন করার প্রস্তুতি নিলে একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সেখানে তল্লাশি চালানো হয়। ফলে সভা শেষ না করেই তারা পুলিশের সহায়তা নিয়ে লক্ষ্মীপুর ত্যাগ করে চৌমুহনী চলে আসেন।

সংবাদ সম্মেলনে আরো বক্তব্য রাখেন, ছাত্রলীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক সোহেল হাজারী, সদস্য হাসান আল মামুন, আবু জাহের সাদু, জগন্নাথ হল ছাত্রলীগের সদস্য জাকির হোসেন, কামাল, সোহাগ প্রমুখ। তারা লক্ষ্মীপুরের কর্মী সম্মেলনে হামলা ও জেলা আওয়ামী লীগ সভাপতির বাসায় তল্লাশির ঘটনায় নিন্দা জানান।